Kumudini CARES

Kumudini Bulletin

May - August 2013

কুমুদিনী বুলেটিন

মে - আগস্ট ২০১৩

- Inaugration of a new outlet of Kumudini Handicrafts at Banani
- 42nd Abduction Day of R P Shaha and his son observed
- Reception accorded to Srimati Shaha by Sarda Songha in Sylhet
- Donation for Kumudini Hospital from Australia
- Lifetime achievement award for Protiva Mutsuddy
- Cleft Surgery
- International Nurses Day observed
- Girl-in-Rovers of Bharateswari Homes participated in Efficiency Badge Course
- Prizes of Bishwasahitya Kendra for Homes students
- Holy Buddha Purnima celebrated
- Lucky Purchase Day of jute obseved
- Rathayatra Festival of Dhamrai and Kumudini's participation
- Cultural Competition and Prize Distribution Ceremony
- Celebration of Tagore's birth anniversary
- Telefilm based on Kazi Nazrul – R P Shaha
- Treatment statistics (May-August 2013)
- Diplomats visit Kumudini at N'ganj

বনানীতে কুমুদিনী হ্যান্ডিক্রাফ্‌টের নতুন বিক্রয়কেন্দ্রের উদ্বোধন

Inaugration of a new outlet of Kumudini Handicrafts at Banani

New outlet of Kumudini Handicrft at Banani.

বনানীতে শুভ উদ্বোধন হলো দেশের অগ্রগণ্য হস্তশিল্প প্রতিষ্ঠান কুমুদিনী হ্যান্ডিক্রাফ্‌টের চতুর্থ আউটলেট বা বিক্রয়কেন্দ্র। গত ১৯ জুলাই জাঁকজমকপূর্ণ এক অনুষ্ঠানের মাধ্যমে বনানীর 'ই' ব্লকের ১২নং সড়কের ১১২ নং বাড়িতে বিক্রয়কেন্দ্রটির উদ্বোধন হয়। দেশের প্রখ্যাত ফ্যাশন ডিজাইনার ও সমাজের বিভিন্ন স্তরের ফ্যাশন সচেতন ব্যক্তিবর্গের উপস্থিতিতে যৌথভাবে এর উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ফ্যাশন ডিজাইনার বিবি রাসেল।

উদ্বোধনী অনুষ্ঠানে ড. আনিসুজ্জামান বলেন– ঐতিহ্যবাহী কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট সব সময় শ্রমজীবী মানুষের জীবন সংগ্রামের সাথী। শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও কুমুদিনী হ্যান্ডিক্রাফ্‌ট–এর অগ্রযাত্রা কামনা করি।

The fourth outlet of Kumudini Handicrafts was launched on the 19th of July at Banani and a flamboyant event was organized. The venue was House no. 112, Road no. 12 and Block E. To grace the occasion, many eminent fashion designers and many fashion conscious elites were present. The event was inaugurated by Professor Emeritus of Dhaka University Dr. Anisuzzaman and a fashion designer who has garnered international fame Ms. Bibi Russel.

In the inauguration ceremony, Dr. Anisuzzaman says, "KWT has always been supportive towards the hard working people. I wish Rai

Professor Emeritus of Dhaka University Dr. Anisuzzaman inaugurating the new outlet.

বিবি রাসেল বলেন, বলতে গেলে আমি কুমুদিনী পরিবারকে দেখতে দেখতে বড় হয়েছি। কুমুদিনীতে এলে একটি পারিবারিক শান্তির ছায়া অনুভব করি। কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস এগিয়ে যাক শ্রমজীবী মা ও মেয়ে তথা নারীদের সঙ্গে নিয়ে। তাদের হাতের কাজের সুনাম ছড়িয়ে পড়ুক দেশে-বিদেশে সব সময় এই শুভ কামনা করি।

অনুষ্ঠানে কুমুদিনী হ্যান্ডিক্রাফটের পরিচালক শ্রীমতী সাহা আশাবাদ ব্যক্ত করে বলেন, কুমুদিনীর কয়েক হাজার গ্রামীণ নারীর জীবন জয়ের স্মারক হয়ে তাদের হাতের তৈরি সামগ্রী শৈল্পিক সৌন্দর্য নিয়ে আমাদের প্রয়োজন মিটিয়ে আন্তর্জাতিক বাজার জয় করতে পারবে। তিনি বলেন, গ্রামীণ নারীদের জীবন জয়ের একাগ্র প্রয়াস ও বিপণন এখানে সমার্থক।

কুমুদিনী হ্যান্ডিক্রাফ্ট একাত্তরের মহান মুক্তিযুদ্ধে ক্ষতিগ্রস্ত মা ও মেয়েদেরসহ সমাজ সংসারের সুবিধা বঞ্চিত নারীদের আত্মকর্ম সংস্থানের লক্ষ্যে ১৯৮০ সালে মাত্র ২৫-৩০ জনকে নিয়ে যাত্রা শুরু করে। বর্তমানে এটি ২৬ হাজার শ্রমজীবী নারীর আত্ম কর্মসংস্থানের একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান। শুরু থেকেই হ্যান্ডিক্রাফ্টসের অন্যতম উদ্দেশ্য বাংলাদেশের লুপ্ত প্রায় হস্তশিল্পকে পুনরুদ্ধার করা এবং বিশ্ব-সভায় তা তুলে ধরা। কুমুদিনী হ্যান্ডিক্রাফটের ভান্ডার নকশী কাঁথা, কিংবদন্তীর জামদানী, তাঁত বস্ত্র, টেরাকোটা, মৃৎশিল্প সামগ্রী, কাঠ ও চামড়াজাত সামগ্রীতে সমৃদ্ধ। প্রাকৃতিক রং ব্যবহারও কুমুদিনীর অন্যতম ঐতিহ্য।

কুমুদিনী হ্যান্ডিক্রাফটে যারা কাজ করেন তাদের কয়েকটি শ্রেণিতে ভাগ করা যায়। অল্প সংখ্যক আছেন স্থায়ী কর্মী। চুক্তিভিত্তিতেও কিছু লোক কাজ করেন। দৈনিক ভিত্তিতেও অনেকে কাজ করে থাকেন। অনেকে আছেন সম্পাদিত একটি কাজের ভিত্তিতে মজুরী নেন। যিনি যত পিস কাজ সম্পাদন করবেন তত পিসের জন্য মজুরী পাবেন। এর বাইরে বাংলাদেশের গ্রামাঞ্চলে ছড়িয়ে রয়েছে কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টের বৃহত্তর

Bahadur R.P. Shaha's KWT and Kumudini Handicrafts' success and prosperity in the upcoming years."

Bibi Russell also stated "I grew up watching Kumudini's progress and activities. Whenever, I come to Kumudini, it makes me feel I am amidst my family members. I wish Kumudini Handicrafts a lot of success in the upcoming years in its assistance to the women. I hope they continue to garner more fame and recognition for their handicrafts countrywide and even worldwide."

The Director of Kumudini handicrafts Shrimati Shaha said, "Kumudini handicrafts and its employees will be able to fulfil the growing demand for handicrafts in our country and in many different countries across the world."

Kumudini Handicrafts began its journey in 1980 with the objective of making women in Bangladesh self-reliant Initially, the wives of the laborers of the jute bailing and processing plant of Kumudini Welfare Trust (KWT) in Narayanganj were helped to make a variety of products using jute fibre and were taught to make jute bags, baskets and other useful items. They were paid a fair wage for their work and they used the extra money